



ভিকারুননিসা নূন স্কুল এড কলেজে শুরু হওয়া বিজ্ঞান মেলায় প্রজেক্ট দেখাচ্ছে ছাত্রীরা • ১৫ নং পৃষ্ঠা ১৫

ভিকারুননিসা নূন স্কুলে চারদিনব্যাপী বিজ্ঞান উৎসব শুরু

যুগান্তর রিপোর্ট

রাজধানীর ঐতিহ্যবাহী পিকা প্রতিষ্ঠান ভিকারুননিসা নূন স্কুল এড কলেজে ১২তম বিজ্ঞান উৎসব বুধবার শুরু হয়েছে। চারদিনব্যাপী এ উৎসবের উদ্বোধন করেন বাংলাদেশ বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক এএনএম শফিউল্লাহ। এ সময় কলেজের অধ্যক্ষ মোক্কেমা অনেক বেগম এবং স্কুল ও কলেজ শাখার শিক্ষক-শিক্ষিকা উপস্থিত ছিলেন।

বিজ্ঞানভিত্তিক বিভিন্ন প্রদর্শনীর এ উৎসবে প্রতিষ্ঠানের স্কুল ও কলেজ শাখার সাত্বে চারশ' শিক্ষার্থী অংশগ্রহণ করেন। উৎসবে শিক্ষার্থীরা প্রজেক্টের মাধ্যমে বিজ্ঞান বিষয়ক নানা ধরনের প্রদর্শনী তুলে ধরেন। কৃত্রিমভাবে বিভিন্ন গ্রহ-উপগ্রহ, আয়তন পরিমাপ, জ্বলিত পদার্থের বাবুয়া, বার্ড'চু প্রতিক্রিয়া বাবুয়া, যানজট নিরসন কৌশল, ইন-মুরগির খামার পদ্ধতিসহ নানা বৈচিত্র্যময় প্রদর্শনী তুলে ধরছেন শিক্ষার্থীরা। এছাড়াও উৎসবে রয়েছে বাংলা ও ইংরেজিতে 'ইন্টার স্কুল এক্সটেনসিভ পিস', 'ইন্টার কলেজ ফিজিক্স ওলিম্পিয়াড', 'ইন্টার কলেজ কেমিস্ট্রি ওলিম্পিয়াড', 'ইন্টার কলেজ মাঠ ওলিম্পিয়াড'সহ নানা আয়োজন। অনুষ্ঠানের শেষে থাকছে ২০ জনের জন্য আকর্ষণীয় পুরস্কার। দপ্তরকে দেয়া হবে পারফরম্যান্স পুরস্কার ও দপ্তরকে স্যাহনা পুরস্কার। চারদিনের উৎসব আগামী শনিবার পর্যন্ত প্রতিদিন সকাল ৯টা থেকে বিকাল ৫টা পর্যন্ত চলবে।

উৎসবের আয়োজন সম্পর্কে বিজ্ঞান বিভাগের শিক্ষিকা ও স্কুল শাখার উপদেষ্টা কামরুন লারসা যুগান্তরকে বলেন, প্রতিবারের চেয়ে এবারের আয়োজনে শিক্ষক-শিক্ষার্থী সহায় মাঝে এক ডির আমেজ কাজ করছে। কেননা বারো বছর পূর্তির আয়োজন এবার।